অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/10/2022 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল ঘোষণা করেছেন 17টি প্রকল্প 85 মিলিয়ন ডলারের নিউ ইয়র্ক ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ প্রোগ্রামের জন্য প্রতিযোগিতার উদ্দেশ্যে যোগ্য

বায়ু দূষণ কমায়, বিদ্যুতায়ন বৃদ্ধি করে এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিতে গতিশীলতা বৃদ্ধি করে এমন সমাধান অগ্রসর করার জন্য দলগুলিকে 3 মিলিয়ন ডলারের অনুদান এবং পরিষেবা প্রদান করা হয়েছে

জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইন সমর্থন করে যা 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 85 শতাংশ হ্রাস করার জাতির নেতৃত্ব স্থানীয় লক্ষ্য অর্জন করতে চায়

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে 17টি প্রকল্প 85 মিলিয়ন ডলারের নিউ ইয়র্ক ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ কার্যক্রম প্রাপ্তির জন্য প্রতিযোগিতার যোগ্য। পরিচ্ছন্ন পরিবহনের জন্য প্রতিলিপিযোগ্য শোকেস প্রকল্পগুলিকে অগ্রসর করার জন্য 2022 স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসাবে এই প্রকল্পগুলির জন্য তহবিল ঘোষণা করা হয়েছিল। প্রথম পর্যায়ের প্রকল্পগুলিকে রাজ্য জুড়ে বায়ু দূষণ কমাতে, বিদ্যুতায়ন উন্নত করতে এবং চলাফেরার বিকল্পগুলিকে উন্নত করার জন্য সমাধান অগ্রসর করার জন্য মোট 3 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান এবং পরিষেবা প্রদান করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির (New York State Energy Research and Development Authority, NYSERDA) দ্বারা পরিচালিত এই প্রোগ্রামটি 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমন 85 শতাংশ হ্রাসের নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্ব স্থানীয় লক্ষ্যকে সমর্থন করে যা জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনে বর্ণিত হয়েছে।

"নিউ ইয়র্ক যখন তার জাতির নেতৃত্ব স্থানীয় পরিচ্ছন্ন শক্তি এবং জলবায়ুর লক্ষ্যগুলি অনুসরণ করে চলেছে, আমাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে আমরা আমাদের ঐতিহ্যগতভাবে অনুন্নত সম্প্রদায়গুলিকে পিছনে ফেলে দিচ্ছি না," **গভর্নর হোচুল বলেন।** "পরিবহন খাত নিউ ইয়র্কের দূষণের অন্যতম প্রধান উৎস, এবং প্রায়শই, নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীরা এবং কৃষ্ণাঙ্গ সম্প্রদায়গুলি এর পরিণতি ভোগ করতে বাধ্য হয়। এই অনুদান আমাদের রাজ্যের সব চেয়ে মূল্যবান সংস্থান, নিউ ইয়র্কবাসীদের চাতুর্যের সুবিধা নেবে একটি কার্বন-নিরপেক্ষ ভবিষ্যতের উদ্দেশ্যে একটি ন্যায্য এবং ন্যায়সঙ্গত রূপান্তর নিশ্চিত করতে।"

প্রথম পর্যায়ের অধীনে প্রদত্ত সতেরোটি প্রকল্পের মধ্যে ছয়টি প্রকল্প ক্লিন নেবারহুডস চ্যালেঞ্জ এবং বৈদ্যুতিক গতিশীলতা চ্যালেঞ্জ উভয় ক্ষেত্রেই নির্বাচিত হয়েছে, এবং বৈদ্যুতিক ট্রাক এবং বাস চ্যালেঞ্জ এর জন্য পাঁচটি প্রকল্প নির্বাচিত হয়েছে। প্রতিটি প্রকল্পের প্রস্তাব 200,000 ডলার পর্যন্ত একটি পুরস্কারের প্যাকেজ পাবে, অতিরিক্ত প্রকল্প উন্নয়নের জন্য একটি 100,000 ডলারের পরিকল্পনা অনুদান সহ, 50,000 ডলার পর্যন্ত সম্প্রদায় অংশীদারদের জন্য অর্থায়ন বাবদ, এবং 50,000 ডলার পর্যন্ত অর্থায়ন প্রযুক্তিগত বিশেষজ্ঞদের কাছ থেকে সহায়তা বাবদ।

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (NYSERDA) প্রেসিডেন্ট এবং সিইও ডোরিন এম. হ্যারিস বলেন, "নিউ ইয়র্কের ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ প্রোগ্রাম হল উদ্ভাবনে বিনিয়োগ করার একটি সুযোগ যা অনুন্নত এলাকায় পরিবহন অ্যাক্সেসকে রূপান্তর করতে পারে এবং নিউ ইয়র্ক রাজ্য জুড়ে স্বাস্থ্যকর সম্প্রদায় গড়ে তুলতে পারে। নির্বাচিত দল এবং সম্প্রদায়ের অংশীদাররা সর্বোত্তম প্রযুক্তি এবং পদ্ধতিগুলিকে কমিউনিটি ইনপুট সহ স্কেল সমাধানের জন্য নিয়ে আসছে যা নির্গমন কমাতে এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের বিরুদ্ধে লড়াই করতে স্থানীয়ভাবে এবং বিশ্বব্যাপীভাবে প্রতিলিপি করা যেতে পারে।"

প্রথম পর্যায়ের অধীনে তহবিল প্রদান করা প্রকল্পের প্রস্তাবগুলি দ্বিতীয় পর্যায়ের অধীনে গ্র্যান্ড প্রাইজের জন্য প্রতিযোগিতা করার জন্য যোগ্য। প্রথম পর্যায়ের প্রকল্পগুলির মধ্যে রয়েছে:

ক্লিন নেবারহুডস চ্যালেঞ্জ - তিনটি পর্যন্ত 10 মিলিয়ন ডলারের গ্র্যান্ড পুরষ্কার দ্বিতীয় পর্যায়ের মাধ্যমে প্রদান করা হবে উদ্ভাবনী প্রকল্পগুলির জন্য যেগুলি অনুন্নত সম্প্রদায়গুলিতে স্কেলের মধ্যে বায়ু দূষণ হ্রাসকে সম্বোধন করে।

লং আইল্যান্ড:

- *একটি ন্যায়সঙ্গত, অন্তর্ভুক্তিমূলক, কম-কার্বন ভবিষ্যতের জন্য এরিনা ট্রানজিট হাব (Arena Transit Hubs for an Equitable, Inclusive, Low-carbon Future)* XL ফ্লিটের (XL Fleet) নেতৃত্বে

মিড-হাডসন:

- *আলস্টার কানেক্ট (Ulster Connect)* ভায়া মোবিলিটির (Via Mobility) নেতৃত্বে

মিড-হাডসন, নর্থ কান্ট্রি, সাউদার্ন টিয়ার, পশ্চিম নিউ ইয়র্ক:

- *ই-বাইক সিস্টেমের সাহায্যে ক্লিন কমিউনিটিকে ত্বরান্বিত করা (Accelerating Clean Communities With E-Bike Systems, ACCESS)* ICF ইনকর্পোরেটেডের (ICF Incorporated) নেতৃত্বে

নিউ ইয়র্ক শহর:

- *ক্লিন ট্রানজিট অ্যাক্সেস প্রোগ্রাম (CTAP)* - ইলেকট্রিফাইয়ং *NYC ডলার ভ্যানস (Clean Transit Access Program (CTAP) - Electrifying NYC Dollar Vans)* ডলারাইডের (Dollaride) নেতৃত্বে

- *ব্রঙ্কস ইজ ব্রিদিঙ: রিইম্যাজিনিং এ ক্লিনার হান্টস পয়েন্ট (The Bronx is Breathing: Reimagining a Cleaner Hunts Point)* আমেরিকার ভলভো প্রযুক্তির নেতৃত্বে

<u>ওয়েস্টার্ন নিউ ইয়র্ক</u>:

- *সেনটারিং পিপল, প্লেস অ্যান্ড পলিসি ফর বাফেলোজ ক্লিন মোবিলিটি ফিউচার (Centering People, Place and Policy for Buffalo's Clean Mobility Future)* লোকাল ইনিশিয়েটিভস সাপোর্ট কর্পোরেশন (Local Initiatives Support Corporation, LISC) ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অফিসের নেতৃত্বে

বৈদ্যুতিক গতিশীলতা চ্যালেঞ্জ - তিনটি পর্যন্ত 7 মিলিয়ন ডলারের গ্র্যান্ড পুরষ্কার দ্বিতীয় পর্যায়ের মাধ্যমে এমন প্রকল্পগুলিকে প্রদান করা হবে যা বৈদ্যুতিক গতিশীলতার বিকল্পগুলি প্রদর্শন করে যা অনুন্নত সম্প্রদায়ের চাহিদাগুলির সমাধান করে।

<u>লং আইল্যান্ড</u>:

- *পরিবহনের ধারাবাহিকতা বৃদ্ধি করে: লং আইল্যান্ডে বৈদ্যুতিক মাইক্রো-শাটল পরিষেবা (Promoting Sustainable Transportation: Electric Micro-Shuttle Services in Long Island)* সার্কিট ট্রানজিটের (Circuit Transit) নেতৃত্বে

<u>মিড-হাডসন</u>**:**

- *বি-লাইন অন ডিমান্ড: ডেলিভারিং ইনোভেটিভ ইলেকট্রিক মোবিলিটি টু পিকস্কিল (Bee-Line On Demand: Delivering Innovative Electric Mobility to Peekskill)* সাসটেইনেবল ওয়েস্টচেস্টারের (Sustainable Westchester) নেতৃত্বে
- *মুভার প্রকল্প: সুবিশাল ই-মাইক্রো-মোবিলিটি রেপ্লিকেশনের দিকে অগ্রসর হওয়া (Project MOVER: Moving onto Vast E-Micro-mobility Replication)* EIT ইন্নোএনার্জি USA (EIT InnoEnergy USA) এর নেতৃত্বে

<u>নিউ ইয়র্ক শহর</u>**:**

- *রেড হুক রিচার্জ জোন (Red Hook Recharge Zone)* রেভেল ট্র্যানজিটের (Revel Transit) নেতৃত্বে
- *ইকুইটেবল কমিউট প্রজেক্ট* (*The Equitable Commute Project*) ট্রান্সপোর্টেশন অল্টারনেটিভসের (Transportation Alternatives) নেতৃত্বে

<u>সাউদার্ন টিয়ার</u>**:**

- *টম্পকিন্স কাউন্টি পরিবহন ইক্যুইটি এবং অ্যাক্সেস প্রকল্প* (*Tompkins County Transportation Equity & Access Project*) টম্পকিন্স কনসোলিডেটেড এরিয়া ট্রানজিটের (Tompkins Consolidated Area Transit) নেতৃত্বে

ইলেকট্রিক ট্র্যাক ও বাস চ্যালেঞ্জ - বৈদ্যুতিক সমাধান বা মাঝারি ও ভারী ডিউটির বৈদ্যুতিক যানবাহন দ্বারা প্রতিস্থাপনের ডেমোন্ষ্ট্রেশন প্রদান করা প্রকল্পগুলিকে তিনটি পর্যন্ত ৪ মিলিয়ন ডলারের গ্র্যান্ড প্রাইজ প্রদান করা হবে।

ক্যাপিটাল রিজিয়ন:

- *রিলিভিং কনজেশন ইন আলবেনি - রেজিলিয়েন্ট অ্যান্ড রিপিটেবল স্কুল বাস ইনফ্রাস্ট্রাকচার (Relieving Congestion in Albany - Resilient and Repeatable School Bus Infrastructure) নেক্সটএরা* এনার্জি রিসোর্সেসের (NextEra Energy Resources) নেতৃত্বে

মধ্য-হাডসন, নিউ ইয়র্ক সিটি:

- ফ্রেইট ইলেকট্রিফিকেশন-অ্যাজ-এ-সার্ভিস ফর ট্রান্সফরমেশন (*Freight Electrification-as-a-Service for Transformation,* FEAST) ক্যালস্টার্টের (CALSTART) নেতৃত্বে

নিউ ইয়র্ক সিটি:

- *অ্যাক্সিলারেটিং নিউ ইয়র্ক ফুয়েল সেল বাস অ্যান্ড হাইড্রোজেন ইনফ্রাস্ট্রাকচার ডিপ্লয়মেন্টস (Accelerating New York Fuel Cell Bus & Hydrogen Infrastructure Deployments)* ক্রুগার ট্রান্সপোর্টের (Krueger Transport) নেতৃত্বে
- *এম্পায়ার স্টেটকে বৈদ্যুতায়ন করা: শূন্য নির্গমন সমাধান ক্ষমতায়ন* (*Electrify the Empire State: Empowering Zero Emission Solutions*) গ্ল্যাডস্টাইন নিয়ানড্রস অ্যান্ড অ্যাসোসিয়েটস (Gladstein Neandross & Associates)
- *ব্রঙ্কসের স্কুল বাসের বিদ্যুতায়ন (Electrifying School Buses in the Bronx, ESBB)* নিউ ইয়র্ক সিটি স্কুল বাস আমব্রেলা সার্ভিসেসের (New York City School Bus Umbrella Services) নেতৃত্বে

নির্বাচিত প্রকল্পের দলগুলি তাদের প্রস্তাবগুলি চূড়ান্ত করবে এবং বিশ্বব্যাপী বিশেষজ্ঞরা নিউ ইয়র্ক স্টেটের সাথে গ্র্যান্ড প্রাইজ বিজয়ীদের নির্বাচন সমর্থন করার জন্য কাজ চালিয়ে যাবে, যা 2022 সালের গ্রীষ্মের শেষের দিকে ঘোষণা করা হবে বলে আশা করা হচ্ছে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশনের (New York State Department of Environmental Conservation, DEC) কমিশনার এবং ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের কো-চেয়ার বাসিল সেগোস বলেছেন, "পরিবহন খাত থেকে নির্গমনকে লক্ষ্য করা, বিশেষ করে যে সম্প্রদায়গুলি গাড়ি এবং ট্রাকের দূষণ দ্বারা অসমভাবে প্রভাবিত হয়েছে, জনস্বাস্থ্য রক্ষা এবং শেষ পর্যন্ত জীবন বাঁচানোর সাথে সাথে নিউইয়র্কের উচ্চাভিলাষী গ্রীনহাউস গ্যাস হ্রাস করার লক্ষ্যে পৌঁছানোর প্রচেষ্টাকে অগ্রসর করবে৷ নিউ ইয়র্কের ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ প্রোগ্রাম এমন বিনিয়োগকে অগ্রাধিকার দেয় যা এমন সমাধান বৃদ্ধি করবে জা বজায় রাখা যায় এবং যেখানে সেগুলি সব চেয়ে বেশি প্রয়োজন, সেখানে পৌঁছে দেবে। জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার জন্য এবং NYSERDA-এর

ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ প্রোগ্রামের মতো উদ্ভাবনী সমাধানগুলির সাথে সম্প্রদায়ের স্বাস্থ্যকে সমর্থন করার জন্য গভর্নর হোচুলের স্থির অঙ্গীকারবদ্ধতার জন্য আমি তার প্রশংসা করি।"

পাবলিক সার্ভিস কমিশনের (Public Service Commission) চেয়ারম্যান ররি এম. ক্রিশ্চিয়ান বলেছেন, "নিউ ইয়র্ক ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজের অর্থায়ন ছিল পরিবহণ বিদ্যুতায়ন কমিশনের বিনিয়োগের একটি গুরুত্বপূর্ণ উপাদান, যা নিশ্চিত করে যে সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলি, যারা জলবায়ু সংকটের প্রভাব বহন করে, তারা সম্প্রদায় ও উদ্ভাবকদের দ্বারা চিহ্নিত সেরা পরিষ্কার বৈদ্যুতিক পরিবহন সমাধানগুলি স্থাপনের মাধ্যমে সরাসরি উপকৃত হয়।"

লং আইল্যান্ড পাওয়ার অথরিটির প্রধান নির্বাহী কর্মকর্তা টমাস ফ্যালকোন বলেছেন, "(Long Island Power Authority, LIPA) লং আইল্যান্ড এবং রকওয়েজে নিউ ইয়র্কের ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজের জন্য তহবিল দিতে পেরে আনন্দিত, যার মধ্যে 10 মিলিয়ন ডলার পর্যন্ত একটি গ্র্যান্ড প্রাইজ রয়েছে। এই উদ্ভাবনী ধারণাগুলির সাফল্য উভয়ই কার্বন নির্গমন হ্রাস করবে এবং আমাদের অনুন্নত সম্প্রদায়গুলিতে ভবিষ্যতের পরিষ্কার, বৈদ্যুতিক পরিবহনের অ্যাক্সেসকে প্রসারিত করবে।"

রাজ্য সিনেটর কেভিন পার্কার বলেছেন, "ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ প্রোগ্রাম নিশ্চিত করবে যে আমরা সুবিধাবঞ্চিত এলাকায় বসবাসকারী আমাদের ভোটদাতাদের জন্য একটি নিরাপদ পরিবেশ তৈরি করছি। সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর হোচুল এবং NYSERDA কে ধন্যবাদ জানাই। আমরা রাজ্য জুড়ে সবার জন্য পরিবেশগত ন্যায়বিচার নিশ্চিত করার উদ্দেশ্যে কাজ করার জন্য এটি সঠিক দিকে একটি পদক্ষেপ।"

স্টেট সিনেটর টিম কেনেডি বলেছেন, "এই প্রোগ্রামটি রাজ্যব্যাপী আরও চিন্তাশীল, পরিবেশগতভাবে-ন্যাজ্য পরিবহন মান তৈরি করার জন্য নিউ ইয়র্কের অঙ্গীকারের সাথে সম্পূর্ণভাবে সুবিন্যস্ত। এই ভবিষ্যতমুখী চিন্তাভাবনাগুলিকে উত্সাহিত করার মাধ্যমে, আমরা শেষ পর্যন্ত এই পরিবর্তনটি দেখতে আগ্রহী সম্প্রদায়গুলির দ্বারা চালিত সহযোগিতামূলক সমাধানগুলিতে বিনিয়োগ করছি। আমি এই প্রকল্পগুলিকে অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নর হোচুল এবং NYSERDA-কে সাধুবাদ জানাই, এবং দ্বিতীয় পর্যায় কী নিয়ে আসে তা দেখার জন্য উন্মুখ।

বিধানসভার সদস্য মাইকেল কুসিক বলেছেন, "পরিবহন খাত নিউ ইয়র্ক স্টেটের সমস্ত নির্গমনের প্রায় এক তৃতীয়াংশের জন্য দায়ী এবং আমাদের উচ্চাকাঙ্খী নির্গমন হ্রাস লক্ষ্য অর্জনের জন্য আমাদের আরও পরিবেশ-বান্ধব পরিবহন খাত গড়ে তোলার অঙ্গীকার অব্যাহত রাখতে হবে। নিউ ইয়র্ক ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ প্রোগ্রাম বায়ু দূষণ কমানোর, বিদ্যুতায়ন বাড়ানো, এবং ভবিষ্যতের পরিবহণ খাত গড়ে তোলার জন্য একটি সমন্বিত রাজ্য-ব্যাপী প্রচেষ্টার অংশ হিসাবে ক্রমবর্ধমান গতিশীলতার জন্য একটি দুর্দান্ত হাতিয়ার।"

বিধানসভার সদস্য উইলিয়াম ম্যাগনেরেলি বলেছেন, "গভর্নর হোচুল বায়ু দূষণ কমাতে, বিদ্যুতায়ন বাড়াতে এবং পরিবেশ বান্ধব পরিবহন বিকল্পগুলি বাড়াতে প্রচেষ্টার জন্য সমর্থন প্রদর্শন অব্যাহত রেখেছেন। উদ্ভাবনী প্রকল্পগুলির জন্য প্রতিদ্বন্দ্বিতা এবং প্রচার করার জন্য

কোম্পানিগুলিকে উত্সাহিত করা নিউ ইয়র্কবাসীদের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের লক্ষ্যগুলির দিকে সক্রিয়ভাবে কাজ করতে অংশ নিতে দেয়।"

নিউ ইয়র্ক ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজগুলি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিস এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশনের সাথে অংশীদারিত্বে NYSERDA এর দ্বারা পরিচালিত হয় এবং নিউ ইয়র্ক স্টেটের 701 মিলিয়ন ডলারের EV মেক রেডি প্রোগ্রামের অধীনে অর্থায়ন করা হয়। এছাড়াও প্রোগ্রামে অংশীদারিত্ব করে, লং আইল্যান্ড পাওয়ার অথরিটি (Long Island Power Authority, LIPA) লং আইল্যান্ডে 10 মিলিয়ন ডলার পর্যন্ত একটি গ্র্যান্ড প্রাইজ অবধি অর্থায়ন প্রদান করবে।

নিউ ইয়র্কের পরিবহন খাতকে বৈদ্যুতিককরণ করার জন্য নিউ ইয়র্ক স্টেটের 1 বিলিয়ন ডলারের বিনিয়োগ নিউ ইয়র্ক স্টেটের ব্যাপক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির পরিকল্পনার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগকে ত্বরান্বিত করার জন্য তার ব্যাপক কৌশলের অংশ হিসাবে, এটি বৈদ্যুতিক যানবাহনের অ্যাক্সেস, প্রাপ্যতা এবং অনুন্নত সম্প্রদায়ে বসবাসকারীদের সহ, নিউ ইয়র্কবাসীদের সুবিধার জন্য প্রয়োজনীয় পরিকাঠামো বৃদ্ধি করছে, কার্বন নির্গমন কমিয়ে পরিষ্কার বাতাস এবং স্বাস্থ্যকর সম্প্রদায় তৈরি করার মাধ্যমে।

তিনটি প্রতিযোগিতার ক্ষেত্র এবং প্রথম পর্যায়ের পুরস্কারপ্রাপ্তদের সম্পর্কে আরও জানতে, দেখুন দ্য নিউ ইয়র্ক ক্লিন ট্রান্সপোর্টেশন প্রাইজ ওয়েবসাইট।

নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)
নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্য পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 102টি বিশাল মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 33 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি নির্মল জ্বালানির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের সাথে যুক্ত হয়েছে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে

যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষ্যের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418